

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং-১৮৮-আইন/২০১২/৬৪৬-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৭ জ্যৈষ্ঠ, ১৪০৬ মোতাবেক ১০ জুন, ১৯৯৯ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৪৯-আইন/৯৯/২২৮-মূসক রহিতক্রমে, নিম্নের টেবিলের কলাম (১) এ বর্ণিত শিরোনামা সংখ্যা এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোডের আওতাধীন কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারীকে কলাম (৪) এ বর্ণিত শর্তাধীনে উহাদের ওপর আরোপনীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

শিরোনামা সংখ্যা	সেবার কোড	সেবা প্রদানকারী	শর্তসমূহ
(১)	(২)	(৩)	(৪)
S০১২	S০১২.০০	টেলিফোন, টেলেক্স, ফ্যাক্স সংস্থা	(ক) সেবা গ্রহীতাক বন্ডেড ওয়্যার হাউস এবং স্পেশাল বন্ডেড ওয়্যার হাউস সুবিধাভোগী শতকরা একশত ভাগ উৎপাদক রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান হইতে হইবে; (খ) উক্ত সেবা গ্রহীতা কর্তৃক কেবলমাত্র রপ্তানি কাজে ব্যবহৃত ২(দুই)টি টেলিফোন, ১(এক) টি টেলেক্স ও ১(এক)টি ফ্যাক্স এর ক্ষেত্রে এ অব্যাহতি প্রযোজ্য হইবে; (গ) সেবা গ্রহীতাকে উক্ত টেলিফোন, টেলেক্স ও ফ্যাক্স নম্বর উল্লেখ করিয়া সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারেটে আবেদন করিতে হইবে। আবেদনপ্রাপ্তির পর কমিশনার মূল্য সংযোজন কর অব্যাহতির বিষয়ে একটি প্রত্যয়নপত্র জারি করিবেন এবং উক্ত প্রত্যয়নপত্র জারির তারিখ হইতে পরবর্তী ২ (দুই) অর্থ বৎসর পর্যন্ত বহাল থাকিবে।
S০২৭	S০২৭.০০	বীমা কোম্পানী	শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠানের অগ্নিবীমা সেবা।

শিরোনামা সংখ্যা	সেবার কোড	সেবা প্রদানকারী	শর্তসমূহ
(১)	(২)	(৩)	(৪)

S০২৮ S০২৮.০০ কুরিয়ার (courier) সার্ভিস কেবল রপ্তানির সাথে সম্পৃক্ত সেবার উপর রপ্তানির সুযোগ সৃষ্টির জন্য নমুনা (sample) বিদেশে প্রেরণ অব্যাহতির আওতায় থাকিবে।

S০৫৬ S০৫৬.০০ ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী রপ্তানি ও রপ্তানি সংশ্লিষ্ট সেবা প্রদানের বিপরীতে প্রাপ্ত কমিশন, ফি বা চার্জ।

২। এই প্রজ্ঞাপনে প্রদত্ত সুবিধা রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে অবস্থিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

৩। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[মোঃ ফরিদ উদ্দিন]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)



*Your complimentary
use period has ended.
Thank you for using
PDF Complete.*

[*Click Here to upgrade to
Unlimited Pages and Expanded Features*](#)